

💵 তাওহীদ ও তার প্রমাণাদি

বিভাগ/অধ্যায়ঃ আকীদার ব্যাপারে ৫০টি প্রশ্নোত্তর রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

প্রশ্ন-২৮: কালেমার সাক্ষ্য দেওয়ার পর সর্বোত্তম আমল কোনটি?

উত্তর: পাঁচ ওয়াক্ত নামায পড়া, এ নামাযের কিছু শর্ত, রুকন এবং ওয়াজিব রয়েছে।

শর্তগুলো হল: মুসলিম হওয়া, জ্ঞান থাকা, ভাল-মন্দের পার্থক্যের বিবেক থাকা, পবিত্র থাকা, নাপাকী দূর করা, সতর ঢাকা, ক্বিবলামুখী হওয়া, সময় হওয়া এবং নিয়ত করা।

নামাযের রুকন হল চৌদ্দটি: সামর্থ থাকলে কিয়াম বা দাঁড়িয়ে নামায পড়া, তাকবীরে তাহরিমা, সূরা ফাতেহা পাঠ, রুকু, রুকু থেকে উঠা, সাতটি অঙ্গে সিজদা, রুকু থেকে সোজা হয়ে দাঁড়ানো, দুই সিজদার মাঝে বসা, প্রতিটি রুকনে দেরী করা, ধারাবাহিকতা বজায় রাখা, শেষ তাশাহ্ছদ, শেষ বৈঠক, নবীর উপর দুরুদ পাঠ এবং সালাম ফিরানো।

নামাযের ওয়াজিব আটটি: তাকবীরে তাহরীমা বাদে সকল তাকবীর, রুকুতে সুবহানা রব্বিয়াল আযীম বলা, ইমাম ও একাকী নামাযীর জন্য সামিয়াল্লাহু লিমান হামিদা বলা, ইমাম, মুকতাদী এবং একাকী নামাযীর জন্য রব্বানা লাকাল হামদ বলা, সিজদায় সুবহানা রববিয়াল আ'লা বলা, দুই সিজদার মাঝে রববিগ ফিরলী বলা, প্রথম তাশাহ্ছদ, এর জন্য বসা।

এগুলো ব্যতীত যা কিছু আছে কথা এবং কাজ সবই সুন্নাত।

Source — https://www.hadithbd.com/books/link/?id=3637

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন